গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ শাখা
www.powerdivision.gov.bd



নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৪১.২৫.০০৮০.২৬-১০৪৮

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ / ৬ সেপ্টেম্বর ২০২৬

# ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় বিদ্যুৎ বিভাগের অধীন ২০২৬-২০২৭ অর্থবছরে ০৩ (তিন) মাস মেয়াদে ১৭ (সতেরো) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হলো:

১। **আবেদনের যোগ্যতা:**

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, পদার্থবিজ্ঞান, গণিত, ফলিত পদার্থবিজ্ঞান, পরিসংখ্যান এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং আবেদনকারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে সর্বশেষ পরীক্ষার সিজিপিএ গ্রেড পয়েন্ট ৪.০ স্কেলে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে;

(গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে;

(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।

২। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

৪। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

৫। বিদ্যুৎ বিভাগের নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

৬। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন সংগ্রহ করতে হবে।

৭। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

৮। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।

৯। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় (MS Word, MS Excel, MS PowerPoint) দক্ষ হতে হবে।

১০। প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে লিখিত/মৌখিক অথবা উভয় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন, নাগরিকত্বের সনদ, পুলিশ রিপোর্ট, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে এর সনদের সূত্রধরে বিদ্যুৎ বিভাগ বা এর অধীন কোনো দপ্তর/সংস্থা/কোম্পানিতে বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে স্থায়ীভাবে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।

*(চলমান পাতা-২)*

১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১৫। আগ্রহী প্রার্থীগণকে **আগামী ০৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ২৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখ বিকাল ০৫:০০ টার** মধ্যে (rms.egcb.com.bd) লিংকে প্রবেশ করে আবেদন করতে হবে।

০৬।৯।২৬

(মোঃ নাজমুল হামিদ রেজা)
উপসচিব
ফোন:০২-৯৫১৩৩৬৪
dsadmin@pd.gov.bd

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। চেয়ারম্যান (সিনিয়র সচিব), বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল, ঢাকা **[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**;
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা **[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**;
৫। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা **[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**;
৬। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা **[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**;
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ;
৮। রেক্টর, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, ঢাকা **[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**;
৯। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ঢাকা **[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**;
১০। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/পিজিবি পিএলসি/নওপাজেকো/ওজোপাডিকো/নেসকো/ইজিসিবি/এপিএসসিএল/আরপিসিএল/সিপিজিসিবিএল/বি-আর পাওয়ারজেন/বিআইএফপিসিএল **[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**।
১১। ব্যবস্থাপনা পরিচালক, ইলেক্ট্রিসিটি জেনারেশন বাংলাদেশ পিএলসি, ঢাকা **[আবেদন গ্রহণের লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]**;
১২। যুগ্মসচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ;
১৩। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বিদ্যুৎ বিভাগ;
১৪। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ **[বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**;
১৫। অফিস কপি।